

10/2/07
24

পাসের হার ৬৮.১৩

**কারিগরি শিক্ষা বোর্ডে
জিপিএ-৫ কমেছে**

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২৬তম সালের এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে গতকাল (বোম্বার)। ৭১১১৫ ক ১৭

কারিগরি শিক্ষা বোর্ডে জিপিএ-৫

১১-এর পৃষ্ঠার পর ব্যবসায় ব্যবস্থাপনায় গড় পাসের হার ৬৮.১৩, ডিপ্লোমা ইন কমার্স এ পাসের হার ৬৯.২৮ এবং এইচএসসি ভোকেশনাল-এ পাসের হার ৪৫.৬০ ভাগ। পাসের হারের দিকে অবস্থান ভালো হলেও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীদের জিপিএ-৫ এর পরিমাণ খুবই কম। ব্যবসায় ব্যবস্থাপনায় জিপিএ-৫ পেয়েছে ৫ জন। এদের মধ্যে ৩ জন ছাত্র, ২ জন ছাত্রী। ডিপ্লোমা ইন কমার্সে জিপিএ-৫ পেয়েছে ১ জন। এদের ১ জন ছাত্র, ১ জন ছাত্রী। এইচএসসি (ভোকেশনাল) এ জিপিএ-৫ পেয়েছে ১ জন ছাত্র। সব মিলিয়ে কারিগরি শিক্ষা বোর্ডের জিপিএ-৫ পেয়েছে মাত্র ৮ জন।

এইচএসসি (ব্যবসায়/ব্যবস্থাপনায়) ১১১৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৪৯,৭০০ পরীক্ষার্থী, ডিপ্লোমা ইন কমার্সে ৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৮৫ জন এবং ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে মোট ২৩৪০ জন পরীক্ষার্থী এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। পাসের গড় হারের ক্ষেত্রে কারিগরি শিক্ষা বোর্ডে ছাত্রীরা এগিয়ে রয়েছে। এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)তে ছাত্রদের পাসের হার ৬৮.০২ ভাগ, ছাত্রীদের ৬৮.০৭ ভাগ, ডিপ্লোমা ইন কমার্সে ছাত্রদের পাসের হার ৬৮.৭৯ ভাগ এবং ছাত্রীদের ৭০.১৮ ভাগ। এইচএসসি (ভোকেশনাল)-এ ছাত্রদের পাসের হার ৪৪.৮৬ ভাগ এবং ছাত্রীদের ৫০.৪৯ ভাগ।

কারিগরি শিক্ষা বোর্ডে ২০০৬ সালের তুলনায় শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বাড়লেও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) ও ডিপ্লোমা ইন কমার্সে পাসের হার কিছুটা কমেছে। তবে সার্বিক ফলাফলের দিকে নজর দিলে দেখা যায় ২০০৬ সালের তুলনায় ২০০৭ সালের ফলাফলের মান ভালো। ২০০৬ সালে ২৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পতকরা পতভাগ শিক্ষার্থী পাস করেছিল। ২০০৭ সালের এখন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৮টি।